



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৯/১২০

তারিখ:

২০ জ্যৈষ্ঠ ১৪৩৩

০৩ জুন ২০২৬

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র : বোর্ডের ই-ফাইলে নং ৩৩৩২৬১১০৭০৬১ আইডির আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ক্রোকিরচর ইসলামিয়া বালিকা সিনিয়র মাদ্রাসার অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মাওলানা গোলাম মোস্তফা নিজের আত্মীয় স্বজনদের দিয়ে জাল-জালিয়াতির মাধ্যমে পকেট কমিটি করেছেন। উক্ত কমিটির মাধ্যমে তৃতীয় শ্রেণীর কর্মচারীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ দিয়েছেন এবং জাল-জালিয়াতির মাধ্যমে নিজের আত্মীয় স্বজন ৫ জনকে শিক্ষক হিসাবে নিয়োগ করেছেন মর্মে উক্ত পকেট গভার্ণিং বডি বাতিল ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ১৬ জন শিক্ষক কর্মচারীসহ ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মু. মোস্তাফিজুর রহমান, ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, অভিযোগকৃত কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে(প্রয়োজ্য ক্ষেত্রে) তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভুক্ত না করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৯) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম মোহাম্মদ হুসাইন

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৩.০৬.২৬

উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৯/১২০

তারিখ:

২০ জ্যৈষ্ঠ ১৪৩৩

০৩ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মাদারীপুর;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/সুপার/ভারপ্রাপ্ত সুপার, ক্রোকিরচর ইসলামিয়া বালিকা সিনিয়র মাদ্রাসা, পো: সাহেবরামপুর, কালকিনি, মাদারীপুর;
৫. জনাব মু. মোস্তাফিজুর রহমান, ভারপ্রাপ্ত অধ্যক্ষ (অভিযোগকারী), গ্রাম: , পো: সাহেবরামপুর, কালকিনি, মাদারীপুর;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৩.০৬.২৬